একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
(চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা)
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১. সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
E-mail:dg@dnc.gov.bd,Websit: www.dnc.gov.bd

স্মারক নং-৫৮.০২.০০০০.০০৮.১৮.০১.১৯-২৯০ তারিখঃ ৩১/১০/২০২২ ইং।

বিষয়ঃ বেসরকারি পর্যায়ে মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র ও মাদকাসক্তি পরামর্শ কেন্দ্রের লাইসেন্স প্রদান সংশ্লিষ্ট কাগজপত্রাদির যাচাই সংক্রান্ত চেকলিস্ট প্রণয়নপূর্বক প্রেরণ।

সূত্রঃ ১। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা এর স্মারক নং-১৬৩, তারিখঃ ১২/০৬/২০২২
২। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, নির্মাণ অধিশাখা এর স্মারক নং-৪৫.০০.০০০০.১৫৬.০৬. ০০৭. ২২-৫৫৬, তারিখঃ ২১ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ।
৩। সুরক্ষা সেবা সেবা বিভাগ, মাদক-১ শাখা এর স্মারক নং-৫৮.০০.০০০০.০৬১.৩১.০০৪.২২-২০৫, তারিখঃ ১১ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ে বেসরকারি পর্যায়ে মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র ও মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র পরিচালনার লাইসেন্স প্রদান সহজীকরণের লক্ষ্যে সূত্রোল্লিখিত পত্রে প্রেরিত চেকলিস্টটি সামান্য পরিবর্তন করে ক্রমিক নং-৬ এ "মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর এর প্রতিনিধি/সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জনের মতামত" এবং ক্রমিক নং-৭ এ "প্রতিষ্ঠানটিতে নাইট ভিশন সিসি ক্যামেরা আছে কিনা" সংযোজন করা হয়েছে।

এমতাবস্থায়, নতুন বেসরকারি মাদকাসক্তি নিরাময়/ পুনর্বাসন কেন্দ্রের প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে এসাথে সংযুক্ত চেকলিস্ট অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ সংশোধিত চেকলিস্ট ০২ (দুই) পাতা।

৩১.১০.২০২২
(মোঃ মাসুদ হোসেন)
পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
ফোনঃ ০২-৪৮৩২২১৯৬

বিতরণ:

১। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/ চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/ বরিশাল/রংপুর/ময়মনসিংহ।

২। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (সংশোধিত চেকলিস্টটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। উপ পরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মেট্রোঃ/জেলা কার্যালয়.....

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অফিস কপি/মাস্টার ফাইল।

বেসরকারী মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্রের লাইসেন্স প্রদান সংশ্লিষ্ট কাগজপত্রাদির যাচাই সংক্রান্ত সংশোধিত চেকলিস্ট

ক্রমিক নং	প্রয়োজনীয় কাগজপত্রাদির বিবরণ	আছে/নেই	সংযুক্তির পৃষ্ঠা নম্বর	মন্তব্য
১.	বিধি অনুযায়ী নির্ধারিত ফরমে আবেদন(স্বাক্ষরকারীর নাম ও পদবীসহ স্বাক্ষর)			
২.	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ১৪ ধারা মোতাবেক পুলিশ প্রতিবেদন/তদন্তকারী কর্মকর্তার বিশেষ প্রতিবেদন।			
৩.	যে ভবনে প্রতিষ্ঠানটি অবস্থিত তার মালিকানার স্বপক্ষে কাগজপত্রঃ (ক) মালিক হলে মূল দলিলের সার্টিফাইড কপি অথবা ভাড়া বাড়িতে হলে চুক্তিপত্রের উভয় পৃষ্ঠার ফটোকপি।			
৪.	হালনাগাদ আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র			
৫.	হালনাগাদ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স লাইসেন্স এর সনদপত্র			
৬.	**মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর এর প্রতিনিধি /সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জনের মতামত**			
৭.	**প্রতিষ্ঠানটিতে পুরো কেন্দ্রের কাভারেজসহ নাইট ভিশন সিসি ক্যামেরা আছে কিনা?**			
৮.	সংশ্লিষ্ট বিধিমালার ৪(১) এর শর্তাবলী প্রতিপালিত হয়েছে কিনা? বিষয়সমূহের একটি পৃথক বিবরণ সংযুক্ত করতে হবে (পরিশিষ্ট-১ দ্রষ্টব্য)।	হ্যাঁ/না		
৯.	বেড সংখ্যা			
১০.	ক) সার্বক্ষণিক ডাক্তার এর সংখ্যা (প্রতি ৩০ বেডের জন্য ১ (এক)জন ডাক্তার)			
	খ) সার্বক্ষণিক ডাক্তার/ডাক্তারদের বিএমডিসি কর্তৃক প্রদত্ত রেজিঃ সনদ			
	গ)সার্বক্ষণিক ডাক্তার/ডাক্তারদের যোগদানপত্রের অনুলিপি			
১১.	ক) মনোচিকিৎসক/সাইকোলজিস্ট এর সংখ্যা (প্রতি ৩০ বেডের জন্য ১ (এক) জন মনোচিকিৎসক/সাইকোলজিস্ট, সার্বক্ষণিক/ খন্ডকালীন)			
	খ) মনোচিকিৎসক এর বিএমডিসি কর্তৃক প্রদত্ত রেজিঃ সনদ ও সাইকিয়াট্রিক সনদ/ সাইকোলজিস্ট এর শিক্ষাগত যোগ্যতার সনদ			
	গ) মনোচিকিৎসক/সাইকোলজিস্ট এর যোগদানপত্রের অনুলিপি			
১২.	নার্স/ওয়ার্ড বয় ক) সংখ্যা (প্রতি ৩০ বেডের জন্য ২ (দুই) জন প্রশিক্ষণ প্রাপ্ত নার্স/ ওয়ার্ডবয়)			
	খ) শিক্ষাগত যোগ্যতার সনদ ও প্রশিক্ষণ সনদ			
	গ) যোগদানপত্র			
১৩.	পরিচ্ছন্নতা কর্মী এর ক) সংখ্যা (প্রতি ৩০ বেডের জন্য ১ (এক) জন)			
	খ) যোগদানপত্র			
১৪.	আবেদনকৃত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের ভিতর ও বাহিরের ছবি (সর্বনিম্ন ০৫টি ছবি)।			
১৫.	আবেদনের সাথে রোগীদের জন্য ডিএনসি কর্তৃক অনুমোদিত ডায়েট চার্ট।			
১৬.	সার্বিক মন্তব্যঃ			

পরিশিষ্ট-১

তদন্তকারী কর্মকর্তা কর্তৃক অনুসরণীয় ছক

৮.	সংশ্লিষ্ট বিধিমালার ৪(১) এর নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালিত হয়েছে কিনা?বিবরণ সংযুক্ত করতে হবে।	
	(ক) ১) সুরক্ষিত পাকা বাড়িসহ আবাসিক বা অনাবাসিক এলাকায় কেন্দ্র অবস্থিত এবং কেন্দ্রে পর্যাপ্ত আলো বাতাসের সুবিধাসহ নিরিবিলি আছে কি না? ২) নূন্যতম প্রতি কেন্দ্রে একজন মাদকাসক্ত রোগীর জন্য কমন স্পেসসহ এর জন্য ৮০ (আশি) বর্গফুট জায়গা রয়েছে কি না?	
	(খ) ১) ভবনটি কয়তলা বিশিষ্ট এবং উহার কোন কোন তলা প্রস্তাবিত কাজে ব্যবহৃত হচ্ছে; ২) কেন্দ্রটি বহুতল ভবনের পঞ্চম বা তদুর্ধ্ব তলায় অবস্থিত হইলে গমনাগমনের জন্য লিফটের ব্যবস্থা রয়েছে কি না?	এই সকল বিষয়ে একটি পৃথক প্রতিবেদন যুক্ত করতে হবে।
	(গ) টয়লেট, বাথরুম এর সংখ্যা ও তা বিধিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা? (প্রতি ১০ (দশ) বেডের জন্য ১ টি)	
	(ঘ) ১) বিধিমালার ফরম গ- অনুযায়ী জীবনরক্ষাকারী ও অত্যাবশ্যক ঔষধপত্রাদি উপকরণাদি আছে কিনা? ২) রোগীর কেস হিস্ট্রিসহ যাবতীয় তথ্য সংরক্ষণে আধুনিক সুবিধা আছে কি না? ৩) এ্যাফিলিয়েটেড ডায়াগনষ্টিক সেন্টার/প্যাথলজিক্যাল ল্যাব এর সাথে চুক্তিপত্র রয়েছে কি না ?	
	(ঙ) ১) কেন্দ্রে উপযুক্ত পরামর্শের (একক বা দলগত) ব্যবস্থা থাকিতে হইবে। (অনুর্ধ্ব ২০ (বিশ) জনের ১ টি ক্লাস রুম থাকতে হবে) ২) রোগীদের মানসিক বিনোদনের জন্য অভ্যন্তরীণ খেলাধুলার ব্যবস্থা, পত্রিকা, টেলিভিশন ইত্যাদির সুবিধা আছে কিনা; ৩) রোগীদের কাউন্সেলিং এর জন্য ক্লাসরুম এর ব্যবস্থা আছে কিনা (অনুর্ধ্ব ২০ (বিশ) জনের ১ টি ক্লাস রুম থাকতে হবে)	
	(চ) কেন্দ্রটিতে চিকিৎসার জন্য কোন মাদকদ্রব্য ব্যবহার করা হয় কিনা? ব্যবহার করা হলে এর উপযুক্ত কর্তৃপক্ষের লাইসেন্স আছে কি না ?;	
	(ছ) (১) একই কেন্দ্রে শিশু মহিলা ও পুরুষের জন্য স্বতন্ত্র ব্যবস্থাপনা আছে কি না ? ২) মহিলাদের জন্য সার্বক্ষণিক মহিলা স্টাফ, মহিলা ডাক্তার ও মহিলা কাউন্সেলর আছে কি না ? ৩) মাদকাসক্ত মহিলাদের নিরাময় কেন্দ্রে ভর্তির পূর্বে প্রেগনেন্সি টেস্ট এর ব্যবস্থা রয়েছে কি না ? (জ) ক) মহিলা মাদকাসক্ত রোগীদের ওয়ার্ডে প্রবেশমুখে সিসি ক্যামেরার ব্যবস্থা রয়েছে কি না ? খ) ক্যামেরার ফুটেজ ন্যূনতম ৩ (তিন) মাস পর্যন্ত সংরক্ষণ করা হয় কি না? গ) শিশু, মহিলা ও পুরুষদের জন্য পৃথক আবাসন/ খাওয়া ও ক্লাস রুমের ব্যবস্থা রয়েছে কি না?	বিঃদ্রঃ একই কেন্দ্রে শিশু, মহিলা ও পুরুষ মাদকাসক্ত নিরাময় কেন্দ্রের জন্য প্রযোজ্য।